যুগান্তর
প্রিন্ট: ২০ জুলাই ২০২৬, ১০:২৭ এএম

শিক্ষাঙ্গন

# পদত্যাগ করলেন সেই জবির ডিন, নতুন দায়িত্বে ড. শাহলী মাহবুব

জবি প্রতিনিধি
প্রকাশ: ১৯ জুলাই ২০২৬, ০৯:৪৮ পিএম



অধ্যাপক ড. শাহলী মাহবুব




পরবর্তী খেলাসমূহ

অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আইনুল ইসলামের পদত্যাগের পর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) সামাজিক বিজ্ঞান অনুষদের নতুন ডিন হিসেবে নিয়োগ পেয়েছেন নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাহলী মাহবুব।

রোববার (১৯ জুলাই) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

এর আগে ৭ জুলাই সামাজিক বিজ্ঞান অনুষদদের ডিন হিসেবে নিয়োগ পান অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আইনুল ইসলাম। গত ১৬ জুলাই কতিপয় শিক্ষার্থীর বিক্ষোভের মুখে ডিন কার্যালয় ছাড়তে বাধ্য হন তিনি। এ সময় তাকে ‘ফ্যাসিবাদের দোসর’ আখ্যায়িত করে ডিন পদ থেকে অপসারণের দাবি জানান। এরপর তিনি ডিনের দায়িত্ব থেকে পদত্যাগ করেন।

পদত্যাগের পর রোববার (১৯ জুলাই) নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাহলী মাহবুবকে নতুন ডিন নিযুক্ত করা হয়।

অফিস আদেশে বলা হয়, ২০০৫-এর ২২(৫) ধারা অনুযায়ী সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাহলী মাহবুবকে পরবর্তী দুই বছরের জন্য সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। আগামী ২০ জুলাই ২০২৬ থেকে এ আদেশ কার্যকর হবে। দায়িত্ব পালনকালে তিনি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।